



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 11
Class - 2

Subject : Bengali Grammar
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 26.08.2020

১) 'ভারতের জাতীয় পতাকা' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নিচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত : সূচনা — বর্ণনা — রঙের ব্যাখ্যা — কবে ও কোথায় জাতীয় পতাকা উত্তোলন করা হয় — উপসংহার।

নমুনা অনুচ্ছেদ

প্রত্যেকটি স্বাধীন দেশের একটি জাতীয় পতাকা আছে। ভারত একটি স্বাধীন দেশ তাই ভারতেরও একটি জাতীয় পতাকা আছে। জাতীয় পতাকার সম্মান সবার উপরে। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারত স্বাধীন হয় আর সেই পূণ্য দিবস থেকে ভারতের আকাশে উড়তী হয এই পতাকা। ভারতের জাতীয় পতাকাটি আয়তাকার এবং এটি সমান তিনটি ভাগে বিভক্ত। তিনটি ভাগে আছে তিনটি রং। উপরের গেরুয়া রং ত্যাগের প্রতীক, মাঝখানের সাদা রং সত্য ও শান্তির প্রতীক এবং নিচের সবুজ রং বীরত্ব, শৌর্য ও বিশ্বাসের প্রতীক আর পতাকার মাঝখানে সাদা অংশে রয়েছে নীল রঙের চব্বিশটি দণ্ড যুক্ত অশোক চক্র। প্রজাতন্ত্র দিবসে, স্বাধীনতা দিবসে, নেতাজির জন্মদিনে ও সরকারি অনুষ্ঠানে স্কুলে, কলেজে পাড়ায়, ক্লাবে, বাড়িতে, বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসে এবং গুরুত্বপূর্ণ ভবনে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দেশের জাতীয় পতাকা দেশবাসীর কাছে খুব পবিত্র। আমরা সব সময় জাতীয় পতাকাকে সম্মান জানাব।

Rita Das

————— x —————